# যশোর বোর্ড-২০১৯

## পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড : | ১ | ৪ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** রিদম ও বুশো দুই ভাই। মা-বাবা ও দুই ভাই মিলে তাদের পরিবার মাঝে মধ্যে দাদা-দাদিও তাদের সাথে এসে থাকেন। সেদিন মায়ের জন্মদিন ছিল। রিদম ও বুমো একটি অনুষ্ঠানের আয়োজন করে। এরকম অনুষ্ঠান ছাড়াও মাঝে মাঝে তারা বাবা-মা ও দুই ভাই একত্রে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করে।

ক. রাষ্ট্রবিজ্ঞানী ই. এম হোয়াইট প্রদত্ত পৌরনীতির সংজ্ঞা দাও। ১

খ. একটি রাষ্ট্র কিভাবে অন্য রাষ্ট্রের হস্তক্ষেপমুক্ত থাকতে পারে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত রিদম ও বুশোর পরিবারটি কোন ধরনের পরিবার? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কাজগুলোই শুধু পরিবারের কাজ নয়— বিশ্লেষণ কর। ৪

**২.▶** **দৃশ্যকল্প-১:** জাহিদ হাসান বাংলাদেশের একজন নাগরিক। চাকুরীর সুবাদে তিনি মার্কিন যুক্তরাষ্ট্রে গমন করেন। তার ছেলে সেখানে জন্মগ্রহণ করে এবং সেই দেশের সকল নাগরিক সুবিধা ভোগ করেন।

**দৃশ্যকল্প-২:** মি. জন ব্রিটেনের একজন নাগরিক। তিনি বাংলাদেশে ব্যবসায়ের জন্য ইপিজেড এ অনেক টাকা বিনিয়োগ করেন। তিনি বাংলাদেশ সরকারের কাছে নাগরিকতার জন্য আবেদন করেন। বাংলাদেশ সরকার তাকে নাগরিকতা প্রদান করে।

ক. নগর রাষ্ট্র কী? ১

খ. নাগরিকগণ আইন মান্য করে কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত জাহিদ হাসান এর ছেলে-মেয়ে কোন সূত্রে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. জন ও জাহিদ হাসানের সন্তানদের নাগরিকতা অর্জনের পদ্ধতির তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

৩.▶ 'ক' রাষ্ট্রের জনগণ নিজের ইচ্ছা অনুযায়ী যে কোনো কাজ করতে পারে। জনগণ তাদের ইচ্ছানুযায়ী ঈদ ও পূজা-পার্বন উদ্‌যাপন করে। অন্যদিকে 'খ' রাষ্ট্রের জনগণ সমানভাবে কাজ করার সুযোগ পায়। বিশেষ কোনো ব্যক্তি-শ্রেণিকে গুরুত্ব দেয়া হয় না।

ক. আইনের শাসনের মূল কথা কী? ১
খ. ধর্মকে আইনের অন্যতম উৎস বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে বর্ণিত 'ক' রাষ্ট্রে জনগণ কোন ধরনের স্বাধীনতা ভোগ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের 'ক' রাষ্ট্র ও 'খ' রাষ্ট্রে উল্লেখিত বিষয়ের মধ্যে সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৪.▶ 'X' একটি বৃহৎ রাষ্ট্র। এর জনসংখ্যা অনেক বেশি। উক্ত রাষ্ট্রের সাধারণ নির্বাচনে আবু সাঈদ বিপুল ভোটে জয়ী হন। শাসন কাজের সুবিধার জন্য তিনি একটি পরিষদ গঠন করেন। পরিষদটি তাদের কাজকর্মের জন্য দেশবাসীর নিকট জবাবদিহি করেন। অপর দিকে, ইউনুছ আহমদ 'Y' নামক রাষ্ট্রের রাষ্ট্র প্রধান। তার কাজে সাহায্য করার জন্যও একটি পরিষদ রয়েছে। পরিষদটি তার আজ্ঞাবহ হিসেবে কাজ করে।

ক. পুঁজিবাদী রাষ্ট্র কাকে বলে? ১
খ. নিরঙ্কুশ রাজতন্ত্র বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে 'X' নামক রাষ্ট্রে কোন ধরনের সরকার ব্যবস্থা বিদ্যমান?— ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে 'X' রাষ্ট্রের শাসন ব্যবস্থার সাথে 'Y' রাষ্ট্রের শাসন ব্যবস্থার তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৫.▶ ইউরোপের একটি দেশের নাগরিক বব উইলিয়াম বাংলাদেশে বেড়াতে আসলেন। তিনি ঢাকায় এসে তার পূর্ব পরিচিত হাসনাইন ইমতিয়াজের বাসায় উঠলেন। তারা দুজন তাদের নিজেদের দেশের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করছিলেন। এক পর্যায়ে মি. উইলিয়াম বললেন, আমাদের দেশের সংবিধান একদিনে রচিত হয়নি। দীর্ঘদিনের ধারাবাহিকতায় এটি গড়ে উঠেছে। তখন হাসনাইন ইমতিয়াজ বললেন যে, আমাদের সংবিধান প্রণয়ন করতে এত সময় লাগেনি। একটি নির্দিষ্ট দিনে এটি দেশের সংবিধান হিসেবে গৃহীত হয়। অনেক কিছুই এতে স্পষ্ট বলা আছে। এই সংবিধান দেশের সর্বোচ্চ আইন হিসেবে বিবেচিত হয়।

ক. সুপরিবর্তনীয় সংবিধান কাকে বলে? ১
খ. যুক্তরাষ্ট্রীয় সরকার ব্যবস্থায় লিখিত সংবিধান প্রয়োজনীয় কেন? ২
গ. উদ্দীপকের বব উইলিয়ামের সংবিধানটি কোন পদ্ধতিতে গড়ে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

Teachingbd24.com

ঘ. হাসনাইনের বর্ণিত সংবিধানটি কি উত্তম সংবিধান? যুক্তিসহ বিশ্লেষণ কর।৪

৬.▶ ফারহানা একটি সংগঠনের সদস্য। তার সংগঠন নির্দিষ্ট আদর্শকে সামনে রেখে সদস্যগণের মতামত নিয়ে সংগঠনটি পরিচালনা করতে চায়। তিনি ও তার সংগঠনের সদস্যরা তাদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে সচেতন হওয়ার পাশাপাশি বৃহত্তর সংগঠনের ক্ষমতা লাভের লক্ষ্যে নিরলস কাজ করে।

ক. পরোক্ষ নির্বাচন কী? ১

খ. সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন ব্যবস্থাকে গণতন্ত্রের রক্ষাকবচ বলা হয় কেন? ২

গ. ফারহানা যে ধরনের সংগঠনের সদস্য তার বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩

ঘ. "ক্ষমতা লাভই ফারহানার সংগঠনের একমাত্র কাজ নয়"— বিশ্লেষণ কর।৪

৭.▶

| সংস্থা | সদস্য সংখ্যা | কাজ |
|---|---|---|
| ক | ৪৫৯০ | ? |
| খ | ৩১৪ | জনস্বাস্থ্য রক্ষা, বয়স্ক শিক্ষা ও নৈশ বিদ্যালয় স্থাপন। |
| গ | ২১ | হাসপাতাল ও পারিবারিক ক্লিনিক তত্ত্বাবধান ও শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা। |

ক. নাগরিকতা কী? ১

খ. বর্তমানে সারা বিশ্বে নারীর ক্ষমতায়নকে অগ্রাধিকার দেয়া হচ্ছে কেন? ২

গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে কোন সংস্থার ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সংস্থা খ ও গ এর কাজের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৮.▶ রাহেলা বেগম একজন অশিক্ষিত গৃহিণী। পরিবারের সকল কাজ তিনি একা সামাল দিলেও পরিবারে তার মতামতের কোনো গুরুত্ব নেই। যে কোনো সিদ্ধান্তের জন্য তাকে তার স্বামীর মতামতকেই প্রাধান্য দিতে হয়। তিনি কিছু বলতে চাইলে তার স্বামী তাকে ধমক দেয় এবং চুপ থাকতে বলে। অপরদিকে তার বোন জাকিয়া শিক্ষিত ও চাকরিজীবী। তার স্বামী সাংসারিক সব বিষয়ে তার সাথে পরামর্শ করেন।

ক. সন্ত্রাস কী? ১

খ. স্বল্প খাদ্য উৎপাদন কীভাবে খাদ্য নিরাপত্তাহীনতা সৃষ্টি করে? ২

গ. উদ্দীপকে কোন নাগরিক সমস্যার ইঙ্গিত দেয়া হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'জাকিয়ার দেখানো পথেই রাহেলার সমস্যার সমাধান সম্ভব'— যুক্তি দাও।৪

Teachingbd24.com

৯.▶ জনাব সালমান সায়ীদ একজন সাংবাদিক। তিনি একটি পত্রিকা প্রকাশ করতে চান। তিনি পত্রিকা প্রকাশের অনুমতির জন্য জেলার গুরুত্বপূর্ণ সরকারি কর্মকর্তা সাজিদ কামাল সাহেবের অফিসে যান। সাজিদ কামাল সাহেব সাহেব এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন বলে সালমান সাহেবকে আশ্বাস দেন। অপরদিকে ফয়েজ আহমদ নামক একজন প্রশাসনিক কর্মকর্তা সাজিদ কামাল সাহেবের কাজ তত্ত্বাবধান করেন। শুধু তাই নয় ফয়েজ আহমদ সাহেব সাজিদ কামাল সাহেবকে বদলিও করতে পারেন।

ক. অভিশংসন কী? ১

খ. সচিবালয়কে প্রশাসনের কেন্দ্রবিন্দু বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের ফযেজ আহমদ সরকার কোন স্তরের কর্মকর্তা? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব সাজিদ কামাল শুধু শাসকই নন, সেবকও বটে— তোমার পাঠ্যপুস্তকের আলোকে মূল্যায়ন কর। ৪

১০.▶

| সংস্থা | প্রতিষ্ঠাকাল | সদর দফতর |
|---|---|---|
| ক | ১৯৮৫ | কাঠমান্ডু |
| খ | ১৯৬৯ | জেদ্দা |
| গ | ১৯৪৫ | নিউইয়র্ক |

ক. OIC এর পূর্ণরূপ লেখ। ১

খ. লিগ অব নেশনস কেন গঠিত হয়েছিল? ২

গ. উদ্দীপকের 'ক' নামক সংস্থাটি কোন সংস্থাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে 'সংস্থা খ' অপেক্ষা 'সংস্থা গ' এর অবদান বেশি— তুমি কি একমত? বিশ্লেষণ কর। ৪

১১.▶ 'ক' রাষ্ট্রের স্বাধীনতার পর শাসকগোষ্ঠী রাষ্ট্রের একটি অঞ্চলের জনগণের সাথে বিমাতাসুলভ আচরণ শুরু করে। শাসকগোষ্ঠীর অত্যাচার ও শোষণ বঞ্চনায় অতিষ্ঠ জনগণ ঐক্যবদ্ধ হতে শুরু করে। এক পর্যাযে জনগণের একজন প্রিয় নেতা সরকারের নিকট কিছু দাবি উত্থাপন করেন। যা ব্যাপকভাবে প্রশংসিত হয় ও জাতীয়তাবাদী আন্দোলনকে ত্বরান্বিত করে।

ক. ছয় দফা কর্মসূচি কে উপস্থাপন করেন? ১

খ. গণতন্ত্রে রাজনৈতিক দলের গুরুত্ব ব্যাখ্যা কর। ২

গ. যে দাবির প্রতি ইঙ্গিত করা হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ দাবি ছিল বাঙালি জাতীর মুক্তির সনদ— ব্যাখ্যা কর। ৪

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট  পূর্ণমান — ৩০  বিষয় কোড: | ১ | ৪ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. রাষ্ট্র ও সরকার কোন অর্থে ব্যবহৃত হয়?**
ক সংকীর্ণ  খ বিপরীত
গ সমার্থক  ঘ পরিপূরক

**২. গণতন্ত্রের শক্তিশালী রক্ষাকবচ কোনটি?**
ক আইন বিভাগের প্রাধান্য
খ শাসন বিভাগের প্রাধান্য
গ বিচার বিভাগের স্বাধীনতা
ঘ বিচার বিভাগের কর্তব্যপরায়ণতা

**৩. দীপিকা রানী আইনসভার সদস্য। তাকে অধিবেশনে আহ্বান করেন কে?**
ক প্রধানমন্ত্রী  খ রাষ্ট্রপতি
গ স্পীকার  ঘ প্রধান বিচারপতি

**৪. বাংলাদেশের সংবিধানে কতটি অনুচ্ছেদ আছে?**
ক ১৩৩টি  খ ১৪৩টি
গ ১৫৩টি  ঘ ১৬৩টি

**নিচের ছকটি লক্ষ্য কর এবং ৫ নং প্রশ্নের উত্তর দাও:**




**৫. উদ্দীপকের 'ক' স্থানে কোনটি বসবে?**
ক জজকোর্ট  খ আদালত
গ আইন বিভাগ  ঘ আপিল বিভাগ

**৬. কোনটিকে রাষ্ট্রের হৃৎপিণ্ড বলা হয়?**
ক মন্ত্রিসভাকে  খ সচিবালয়কে
গ প্রশাসনকে  ঘ বিচার বিভাগকে

**৭. ইদ্রিস মিয়া সৌদি আরবের বাসিন্দা। তার দেশের শাসন কার্য পরিচালনায় সিদ্ধান্ত কে গ্রহণ করেন?**
ক ধর্মীয় নেতা  খ রাজনৈতিক নেতা
গ সংসদ নেতা  ঘ রাজ পরিবার

**৮. কিসের মধ্য দিয়ে বাংলাদেশ নামক স্বাধীন সার্বভৌম রাষ্ট্রের জন্ম হয়?**
ক ভাষা আন্দোলন
খ গণঅভ্যুত্থান
গ ছয় দফা আন্দোলন
ঘ মহান মুক্তিযুদ্ধ

**৯. বয়স্ক শিক্ষাকেন্দ্র ও নৈশ বিদ্যালয় স্থাপন নিচের কোন প্রতিষ্ঠানের কাজ?**
ক ইউনিয়ন পরিষদ  খ উপজেলা পরিষদ
গ জেলা পরিষদ  ঘ পৌরসভা

**১০. আহমেদ সাহেব একটি সিটি কর্পোরেশনের মেয়র। তিনি কোন পদমর্যাদার অধিকারী?**
ক মন্ত্রীর
খ প্রতিমন্ত্রীর
গ অতিরিক্ত সচিবের
ঘ বিভাগীয় কমিশনারের

**১১. বাংলাদেশের জাতীয় সংসদে 'জেলা পরিষদ আইন' পাস হয় কত সালে?**
ক ২০০০ সালে  খ ২০০৩ সালে
গ ২০০৫ সালে  ঘ ২০১০ সালে

**নিচের উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব আলিম সাহেব দরিদ্র ঘরের সন্তান। বিশ্ববিদ্যালয়ে সর্বোচ্চ ডিগ্রী অর্জন করে বিভিন্ন প্রতিষ্ঠানে চাকরির চেষ্টা করেন। কিন্তু প্রচলিত মজুরিতে চাকরি লাভে ব্যর্থ হন।

**১২. জনাব আলিম সাহেবের কর্মসংস্থানের ব্যর্থতা কোন ধরনের সমস্যাকে চিহ্নিত করে?**
ক বেকারত্ব  খ বাস্তবমুখী
গ অর্থনৈতিক  ঘ জনসংখ্যা

**১৩. অনুচ্ছেদে বর্ণিত সমস্যা সমাধানে প্রয়োজন—**
i. শিক্ষার প্রসার
ii. কর্মসংস্থান সৃষ্টি iii. দক্ষ জনশক্তি তৈরি
**নিচের কোনটি সঠিক?**
ক i  খ ii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**১৪. VGF-এর পূর্ণরূপ কী?**
ক Vulnerable Group Feeding
খ Vulable Gross Feeding
গ Valuable Group Foundation
ঘ Village Group Feeding

**১৫. নিরক্ষরতা দূরীকরণে কোন সংস্থা কাজ করছে?**
ক সিডা  খ আশা
গ ব্র্যাক ব্যাংক  ঘ গ্রামীণ ব্যাংক

**১৬. ১৯৭১ সালের ২৫শে মার্চ তারিখে ইয়াহিয়া খান কোন কাজটি করেন?**
ক বঙ্গবন্ধুর সাথে আলোচনায় বসেন
খ বাংলাদেশের ইশতেহার পাঠ করেন
গ সদলবলে ঢাকা ত্যাগ করেন
ঘ পাকিস্তান প্রজাতন্ত্র দিবস পালন করেন

Teachingbd24.com

১৭. মুক্তিযুদ্ধে দশ নম্বর সেক্টর কাদের নিয়ে গঠিত হয়েছিল?
ক) নৌ-কমান্ডার   খ) ইপিআর কমান্ডার
গ) সেনা কমান্ডার
ঘ) বিমান বাহিনী কমান্ডার

**নিচের উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:**
আবির যে দেশটিতে বাস করে তার কোনো প্রদেশ নেই। দেশটি ১৯৭১ সালে স্বাধীনতা লাভ করে। সে দেশের সকল ক্ষমতার মালিক জনগণ।

১৮. আবিরের দেশটি কোন ধরনের রাষ্ট্রের প্রতি ইঙ্গিত করে?
ক) সমাজতান্ত্রিক   খ) রাজতান্ত্রিক
গ) একনায়কতান্ত্রিক   ঘ) এককেন্দ্রিক

১৯. উদ্দীপকে আবিরের দেশটি কোন রাষ্ট্রকে নির্দেশ করেছে বলে তোমার মনে হয়?
ক) বাংলাদেশ   খ) নেপাল
গ) ভারত   ঘ) ভুটান

২০. বিশ্বের সব মুসলিম রাষ্ট্র কোন সংগঠনের সদস্য?
ক) সার্ক   খ) জাতিসংঘ
গ) ওআইসি   ঘ) কমনওয়েলথ

২১. আগরতলা মামলা করা হয়েছিল কেন?
ক) জাতীয়তাবাদী আন্দোলন ঠেকাতে
খ) স্বাধিকার আন্দোলন ঠেকাতে
গ) ছয় দফা সংগ্রাম ব্যর্থ করতে
ঘ) ১৯৫২ সালের শাসন ক্ষমতা টিকিয়ে রাখতে

২২. বাংলাদেশের সন্ত্রাসের অন্যতম উৎস কোনটি?
ক) অনুন্নত শাসন ব্যবস্থা
খ) অনুন্নত আইন ব্যবস্থা
গ) অনুন্নত অর্থনৈতিক ব্যবস্থা
ঘ) অনুন্নত সমাজ ব্যবস্থা

২৩. সন্তান জন্মদান ও লালন পালন করা পরিবারের কোন ধরনের কাজ?
ক) জৈবিক কাজ   খ) শিক্ষামূলক কাজ
গ) অর্থনৈতিক কাজ   ঘ) মনস্তাত্ত্বিক কাজ

২৪. রাজনৈতিক অধিকার কোন জাতীয় অধিকার?
ক) নৈতিক   খ) সামাজিক
গ) আইনগত   ঘ) ব্যক্তিগত

২৫. পরিবারের শিক্ষামূলক কাজের অন্তর্ভুক্ত হলো—
i. শিষ্টাচার
ii. উদারতা
iii. নিয়মানুবর্তিতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

২৬. নাগরিক ও নাগরিকতার ধারণার উদ্ভব হয় কখন?
ক) প্রায় ২০০০ বছর পূর্বে
খ) প্রায় ২৫০০ বছর পূর্বে
গ) প্রায় ৩০০০ বছর পূর্বে
ঘ) প্রায় ৪০০০ বছর পূর্বে

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব আজিজ সাহেব একজন সরকারি কর্মকর্তা। বিভিন্ন উপায়ে ঘুষ গ্রহণের অনেক সুযোগ থাকা সত্ত্বেও তিনি তা গ্রহণ করেন না। দ্রব্যমূল্যের উর্ধ্বগতির কারণে তাকে অনেক কষ্টে জীবনযাপন করতে হয়।

২৭. জনাব আজিজ সাহেবের কাজে মূলত নাগরিকের কোন গুণটি ফুটে উঠেছে?
ক) বুদ্ধিমত্তা   খ) আত্মসংযম
গ) ন্যায়নিষ্ঠা   ঘ) বিবেক

২৮. জনাব আজিজ সাহেবের মতো জনগণের মধ্যে উক্ত নাগরিক গুণটি থাকলে—
i. নাগরিকের অধিকার রক্ষিত হবে
ii. পারস্পরিক শ্রদ্ধাবোধ বাড়বে
iii. পারস্পরিক মতবিরোধ দেখা দিবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) ii ও iii
গ) i ও iii   ঘ) i, ii ও iii

২৯. "কমেনটরিজ অন দ্যা লজ অব ইংল্যান্ড" গ্রন্থের রচয়িতা কে?
ক) অধ্যাপক ডাইসি   খ) প্লেটো
গ) ব্লাকস্টোন   ঘ) অ্যারিস্টটল

৩০. বিদেশে অবস্থানকালীন নিরাপত্তা লাভ কোন ধরনের স্বাধীনতা?
ক) জাতীয়   খ) সামাজিক
গ) রাজনৈতিক   ঘ) অর্থনৈতিক

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | গ | ৩ | খ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | খ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ক |
| | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ক | ২০ | গ | ২১ | গ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | গ |

Teachingbd24.com